ঝিনাইদহে করোনা ও উপসর্গে ২৪ ঘন্টায় ৮ জনের মৃত্যু, নতুন আক্রান্ত ২৩৬

ঝিনাইদহে করোনায় আক্রান্ত হয়ে ও উপসর্গ নিয়ে গত ২৪ ঘন্টায় মারা গেছে ৮ জন। এছাড়া নতুন করে
জেলায় আক্রান্ত হয়েছে ২’শ ৩৬ জন।
সিভিল সার্জন ডা: সেলিনা বেগম জানান, বৃহস্পতিবার সকাল ৮ টা থেকে শুক্রবার সকাল ৮ টা পর্যন্ত সদর হাসপাতালে করোনায় আক্রান্ত হয়ে ২ জন ও উপসর্গ নিয়ে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে ৪ জন। এছাড়াও শহরের ইসলামীয়া হাসপাতালে ও চাকলাপাড়ায় উপসর্গ নিয়ে মারা গেছে আরও ২ জন।
এদিকে শুক্রবার সকালে আসা ৭১০ টি নমুনার ফলাফলে ২’শ ৩৬ জনের করোনা পজেটিভ এসেছে। আক্রান্তের হার ৩৮ দশমিক ২ ভাগ। এ নিয়ে জেলায় মোট আক্রান্ত রোগীর সংখ্যা দাড়ালো ৬ হাজার ২’শ ৭৫ জনে। গত ২৪ ঘন্টায় সুস্থ হয়েছে ৩০ জন।

মুজিবনগরে মা ও ছেলেকে কুপিয়ে জখম

মেহেরপুরের মুজিবনগর উপজেলার পুরন্দরপুর গ্রামে শিপন আলী ও তার মা সাবিরা খাতুন কে কুপিয়ে জখম করেছে সাবেক স্বামী আলা বাতেন। গতকাল বৃহস্পতিবার দুপুরের দিকে এ ঘটনা ঘটে। আহত শিপনকে মেহেরপুর থেকে ঢাকায় রেফার্ড করা হয়েছে। শিপন আলী পুরোন্দপুর গ্রামের আব্দুস সালামের ছেলে, সাবেরা খাতুন শিপনের মা।

জানা গেছে, প্রায় ২ বছর পূর্বে শিপন তার প্রতিবেশী আলা বাতেনের স্ত্রী ২ দুই সন্তানের জননী শেফালির সাথে পরকীয়া সম্পর্ক গড়ে তোলে এবং তাকে নিয়ে পালিয়ে বিয়ে করে। সেই থেকে শেফালির সাবেক স্বামী আলা বাতেন শিপনের উপরে ক্ষুব্দ। ওই ঘটনার পর শিপন এর উপর

একাধিকবার আক্রমণ করেন। এদিকে গতকাল বৃহস্পতিবার দুপুরের দিকে শিপন বাড়িতে অবস্থান করছিলেন। বাড়িতে আর অন্য কেউ না থাকার সুযোগে আলা বাতেন ধারালো হাসুয়া দিয়ে উপর্যুপরি কুপিয়ে জখম করে শিপনকে। এসময় শিপনের মা তাকে বাধা দিতে আসলে তাকেও কুপিয়ে আহত করে। এ সময় তাদের চিৎকারে আশপাশের লোকজন এগিয়ে আসলে আলা বাতেন পালিয়ে যায়।
স্থানীয়রা মা ছেলেকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেওয়া হয়। শিপনের অবস্থা আশংকাজনক হওয়ায় কর্তব্যরত চিকিৎসক শিপনকে ঢাকায় রেফার্ড করেন।

সরকারি সফরে মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন কুষ্টিয়া হয়ে মেহেরপুর থেকে সরকারি সফরে চুয়াডাঙ্গা যাওয়ার উদ্দেশ্যে মেহেরপুরে পৌঁছেছেন। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় জনপ্রশাসন প্রতিমন্ত্রী কুষ্টিয়া হয়ে মেহেরপুর পৌঁছান।
শুক্রবার তিনি তার বাসভবনে দলীয় নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় করবেন। শনিবার সকালে চুয়াডাঙ্গায় বিজিবির একটি অনুষ্ঠানে যোগদানের জন্য রওনা হবেন। এদিকে বৃহস্পতিবার সন্ধ্যার কিছু পূর্বে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন মেহেরপুর সার্কিট হাউজে এসে পৌঁছালে জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ মুনসুর আলম খান তাকে ফুলেল শুভেচ্ছা জানান। এ সময় পুলিশের একটি চৌকস দল গার্ড অব অনার প্রদান করেন। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন প্যারেড পরিদর্শন ও সালাম গ্রহণ করেন। এসময় নবাগত পুলিশ সুপার রাফিউল আলম সেখানে উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নবাগত পুলিশ সুপারের যোগদান

মেহেরপুরের নবাগত পুলিশ সুপার হিসেবে মোঃ রাফিউল আলমের যোগদান করেছেন। গতকাল বৃহস্পতিবার খুলনা বিভাগীয় কার্যালয় যোগদান শেষে মেহেরপুরে এসে পৌঁছালে অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম তাকে ফুলেল শুভেচ্ছা জানান।
এ সময় পুলিশ সুপার কার্যালয় চত্বরে মেহেরপুর পুলিশের একটি চৌকস দল নবাগত পুলিশ সুপার কে গার্ড অব অনার প্রদান করেন। পুলিশ সুপার রাফিউল আলম সালাম গ্রহণ করেন।
এসময় অন্যদের মধ্যে অতিরিক্ত পুলিশ সুপার অপু সরোয়ার, সদর থানার ওসি শাহ দারা, ডিবির ওসি জুলফিকার আলীসহ পুলিশের অন্যান্য কর্মকর্তাগন সময় সেখানে উপস্থিত ছিলেন।

গাংনীতে ভূমিহীনদের মাঝে প্রধানমন্ত্রীর ঈদ উপহার

মেহপরপুরের গাংনীতে প্রধানমন্রীর ঈদ উপহার ভূমিহীনদের হাতে পৌছে দিল উপজেলা প্রশাসন। বৃহস্পতিবার বিকালে গাংনী উপজেলা প্রশাসন ও প্রকল্প বাস্তবায়ন অফিস প্রধানমন্ত্রীর প্রেরণকৃত ঈদ উপহার ভুমিহীন পরিবারের হাত তুলে দেন।

উপহার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান মেহমান হিসেবে বক্তব্য রাখেন সহকারী কমিশনার (ভুমি) নাজমুল আলম,সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী প্রমুখ।

আশ্রয়ন প্রকল্প-২ এর উপকারভোগী গাংনী উপজেলার ৪১ পরিবার এবং ভাটপাড়া আবাসন প্রকল্পগত ৯০ পরিবারে খাদ্য সামগ্রী ও নগদ এক হাজার টাকা প্রদান করা হয়। উপহার পেয়ে বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্রী শেখ হাসিনার দীর্ঘায়ু কামনা করেন উপকারভোগী পরিবার

গাংনীতে মোটর শ্রমিকদের মাঝে নগদ অর্থ বিতরণ

মেহেরপুরের গাংনীতে দুস্থ ও কর্মহীন মোটর শ্রমিকদের মাঝে নগদ অর্থ বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় উপজেলা পরিষদ চত্বরে এ অর্থ বিরতণ করা হয়।
প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলের ৯লাখ ৬৬ হাজার টাকা। উপজেলার ৯ শত ৬৬ জন শ্রমিকের মাঝে নগদ এক হাজার টাকা করে মোট প্রদান করা হয়। অর্থ বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমি খানম। এসময় উপস্থিত ছিলেন পৌর মেয়র আহম্মেদ আলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী, উপজেলা মোটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক রাশিদুল ইসলাম প্রমূখ।

কনকর্ড ফার্মসিটিক্যালস এর উদ্যোগে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে অক্সিজেন সিলিন্ডার প্রদান

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনায় আক্রান্ত মুমূর্ষ রোগীদের সু-চিকিৎসা নিশ্চিত করতে “নওয়াপাড়া গ্রুপ” এর অঙ্গ প্রতিষ্ঠান কনকর্ড ফার্মাসিটিক্যালস এর উদ্যোগে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অক্সিজেন সিলিন্ডার প্রদান করা হয়েছে।

বৃহস্পতিবার কনকর্ড ফার্মাসিটিক্যালস এর পক্ষ থেকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মানবতার দেয়ালে স্বাস্থ্য ও পরিবার

পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদের নিকট প্রতিষ্ঠানের ন্যাশনাল সেলস ম্যানেজার মোঃ শাহরিয়ার উজ্জল ১০টি ৯০ লিটারের অক্সিজেন সিলিন্ডার, ২টি অক্সিজেন কনসেনট্রেটর ও ৮০ ফাইল হ্যান্ড স্যানিটাইজার হস্তান্তর করেন।

এসময় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ বলেন, মহামারীর এই সংকটে করোনায় আক্রান্ত আইসোলেশনে চিকিৎসাধীন মুমূর্ষ রোগীদের জন্য অক্সিজেন খুবই জরুরী। এই সংকটাপূর্ণ পরিস্থিতে কনকর্ড ফার্মাসিটিক্যালস প্রতিষ্ঠানের উদ্যেগে অক্সিজেন সিলিন্ডারের ব্যবস্থা করে যে মানবিক সহায়তা করা হচ্ছে, মহামারী করোনা চিকিৎসা সেবায় তা গুরুত্বপূর্ন ভূমিকা রাখবে।

এসময় উপস্থিত ছিলেন, কনকর্ড ফার্মাসিটিক্যালস এর পিএমডি ম্যানেজার মোঃ মকবুল হোসেন, সহকারি সেলস ম্যানেজার মোঃ শাহিন জোয়ার্দার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডাঃ মোঃ ফারুক হুসাইন সহ স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মকর্তা- কর্মচারীরা।

মেহেরপুরে আরও ৫৩ জন করোনা আক্রান্ত! মৃত্যু-৩

মেহেরপুরে নতুন করে ৫৩ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ২৯ জন, গাংনীতে ১৬ জন, মুজিবনগর ৮ জন।

বৃহস্পতিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ২২৪টি। তারমধ্যে ৫৩ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৮৪৬ জন। তার মধ্যে সদরে ২৭২ জন, গাংনীতে ৪৬৭ জন এবং মুজিবনগরে ১০৭ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ৮৮ জন । মৃতদের মধ্যে সদরে ৩৭

জন, গাংনী ৩১ জন ও মুজিবনগরে ২০ জন।

এসময় তিনি সবাইকে সামাজিক দূরত্ব, নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জনসমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।

ঝিনাইদহে আশ্রয়নের বাসিন্দাদের মাঝে সবজি বীজ বিতরণ

ঝিনাইদহ সদর উপজেলার পাগলা কানাই ইউনিয়নের বানিয়াকান্দর আশ্রয়ন প্রকল্পের ৪৬ টি পরিবারের মাঝে বিভিন্ন প্রজাতির সবজি বীজ বিতরণ করা হয়েছে।
বৃহস্পতিবার দুপুরে ঝিনাইদহ সদর উপজেলা কৃষি বিভাগের পক্ষ থেকে এ বীজ বিতরণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন জেলা কৃষি সম্পসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী, সদর উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদুল করিমসহ অন্যান্যরা।
এসময় জানানো হয়, আশ্রয়ন প্রকল্পের বাসিন্দাদের বাড়ির আঙিনায় সবজি চাষে উদ্বুদ্ধ করতে উন্নত জাতের লাউ, কুমড়া, ঢেড়শ, পুইশাকের বীজ বিতরণ করা হয়েছে।

ঝিনাইদহে ২৪ঘন্টায় ৭ জনের

মৃত্যু, আক্রান্ত ৯৪

ঝিনাইদহে গত ২৪ ঘন্টায় করোনা ও উপসর্গ নিয়ে মারা গেছে ৭ জন। এছাড়াও নতুন করে আক্রান্ত হয়েছে ৯৪ জন।
সিভিল সার্জন ডা: সেলিনা বেগম জানান, বুধবার সকাল ৮ টা থেকে বৃহস্পতিবার সকাল ৮ টা পর্যন্ত সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় করোনায় আক্রান্ত হয়ে ৪ জন ও উপসর্গ নিয়ে মারা গেছে ৩ জন।

তিনি আরও জানান, বৃহস্পতিবার সকালে ঝিনাইদহ ল্যাব থেকে ২৭৭ জনের নমুনার ফলাফল এসেছে। এদের মধ্যে ৯৪ জনের ফলাফল পজেটিভ এসেছে। আক্রান্তের হার ৩৩ দশমিক ৯৩ ভাগ। এ নিয়ে নিয়ে জেলায় মোট আক্রান্ত রোগীর সংখ্যা দাড়ালো ৬ হাজার ৩৯ জনে। এছাড়াও গত ২৪ ঘন্টায় কেউ সুস্থ হয়নি।